রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, মে ১৩, ২০২৬**

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৩ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৯৯-আইন/২০২৬।**—বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল আইন, ২০১৮ (২০১৮ সনের ৭১ নং আইন) এর ধারা ৩৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

## প্রথম অধ্যায়

### প্রারম্ভিক, ইত্যাদি

১। **শিরোনাম।**—এই প্রবিধানমালা বাংলাদেশ রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন ও প্র্যাকটিশনার লাইসেন্স প্রবিধানমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) **"অকুপেশনাল থেরাপি"** অর্থ রিহ্যাবিলিটেশন স্বাস্থ্যসেবায় পেশাভিত্তিক বিজ্ঞানসম্মত একটি স্বতন্ত্র শাখা, যাহার মাধ্যমে প্রতিবন্ধী ও প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা ব্যক্তি বা রোগীর শারীরিক, মানসিক, মনোসামাজিক ও পরিবেশগত বিষয়াবলি সার্বিক মূল্যায়ন, রোগ নির্ণয়, উপদেশ এবং ব্যবস্থাপত্র প্রদানের মাধ্যমে দৈনন্দিন সকল কর্মে স্বাবলম্বী করিবার লক্ষ্যে চিকিৎসা এবং পুনর্বাসন (Rehabilitation) প্রক্রিয়া;

(খ) **"আইন"** অর্থ বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল আইন, ২০১৮ (২০১৮ সনের ৭১ নং আইন);


মূল্য : টাকা ১৬.০০

(গ) **"ইন্টার্ন"** অর্থ স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানের কোর্স কারিকুলাম অনুযায়ী নির্ধারিত মেয়াদের ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণকারী ব্যক্তি;

(ঘ) **"ইন্টার্নশিপ"** অর্থে স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানের কোর্স কারিকুলাম অনুযায়ী পেশাভিত্তিক ডিগ্রি অর্জনের পর নির্ধারিত মেয়াদের বাধ্যতামূলক ব্যবহারিক প্রশিক্ষণকে বুঝাইবে, যেখানে একজন শিক্ষার্থী কোনো হাসপাতাল বা রিহ্যাবিলিটেশন প্রতিষ্ঠানে রোগীদের সেবা প্রদানের মাধ্যমে পেশাদার দক্ষতা, নৈতিকতা এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা অর্জন করিবে;

(ঙ) **"কাউন্সিল"** অর্থ বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল আইন, ২০১৮ (২০১৮ সনের ৭১ নং আইন) এর আওতায় প্রতিষ্ঠিত বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল;

(চ) **"থেরাপি (Therapy)"** অর্থ আধুনিক বিজ্ঞানভিত্তিক চিকিৎসা ব্যবস্থা, যাহার মাধ্যমে প্রতিবন্ধিতা এবং প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা বিভিন্ন রোগে আক্রান্ত ব্যক্তির শারীরিক ও মানসিক অক্ষমতা হইতে আরোগ্য লাভ করিয়া স্বাভাবিক কর্মক্ষমতা ও জীবনমানোন্নয়ন করিতে পারে;

(ছ) **"ধারাবাহিক পেশাগত দক্ষতা বা Continuing Professional Development (CPD) বা Continuing Professional Education (CPE)"** অর্থ রিহ্যাবিলিটেশন পেশাজীবী ও প্র্যাকটিশনারদের ধারাবাহিক পেশাগত দক্ষতা বা CPD বা CPE উন্নয়নের লক্ষ্যে স্বীকৃত শিক্ষা কার্যক্রম বা প্রশিক্ষণ বা কর্মশালা;

(জ) **"ফিজিওথেরাপি"** অর্থ আধুনিক বিজ্ঞানভিত্তিক স্বতন্ত্র চিকিৎসা পদ্ধতি, যাহার মাধ্যমে বাত ব্যথা, প্যারালাইসিস তথা প্রতিবন্ধিতা ও প্রতিবন্ধিতার ঝুঁকিতে থাকা ব্যক্তি বা রোগীর পরীক্ষণ, মূল্যায়ন, রোগ নির্ণয়, চিকিৎসা-পরিকল্পনা প্রণয়ন, থেরাপি প্রয়োগ, উপদেশ ও ব্যবস্থাপত্র প্রদান করিয়া রোগীর চিকিৎসা, পুনর্বাসন ও জীবনমানোন্নয়ন;

(ঝ) **"বিধিমালা"** অর্থ বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল বিধিমালা, ২০২৫;

(ঞ) **"সাইকো থেরাপি"** অর্থ মানবীয় আচরণ ও মানসিক কার্যাবলি সংক্রান্ত বৈজ্ঞানিক অনুসন্ধান, পর্যবেক্ষণ, বিশ্লেষণ ও ব্যাখ্যা সাপেক্ষে মানসিক স্বাস্থ্যের নিরাপত্তা, আচরণগত সুস্থতা ও সার্বিক জীবনমান উন্নয়নে সহায়ক প্রমাণ নির্ভর পদ্ধতি ও অনুশীলন;

(ট) **"স্পিচ ও ল্যাঙ্গুয়েজ থেরাপি"** অর্থ আধুনিক চিকিৎসাবিজ্ঞানের একটি বিজ্ঞানভিত্তিক স্বতন্ত্র চিকিৎসা পদ্ধতি যাহার মাধ্যমে বাক্ বা ভাষাগত সমস্যা, উচ্চারণজনিত অসুবিধা, বাক্ প্রবাহ জটিলতা, অনুরণন ও কণ্ঠস্বরের ব্যাধি, শ্রবণ ও ভারসাম্যজনিত সমস্যা, চিবানো ও গলধঃকরণজনিত জটিলতা এবং যোগাযোগে প্রতিবন্ধকতা বা প্রতিবন্ধিতার ঝুঁকিপ্রবণ ব্যক্তি বা রোগী ও শিশুর পরীক্ষণ, মূল্যায়ন, পরিকল্পনা, ভৌত ও যোগাযোগ সহায়ক উপকরণ নির্ধারণ যাহা চিকিৎসা, পুনর্বাসন ও জীবনমানের উন্নয়ন নিশ্চিত করিবার উদ্দেশ্যে প্রয়োগ করা; এবং

(ঠ) **"স্বীকৃত পদ্ধতি"** অর্থ প্রিভেনশন (Prevention), প্রমোশন (Promotion), ট্রিটমেন্ট (Treatment) ও রিহ্যাবিলিটেশন (Rehabilitation) চিকিৎসায় ব্যবহৃত কাউন্সিল কর্তৃক স্বীকৃত বিজ্ঞানভিত্তিক চিকিৎসা ও পুনর্বাসন পদ্ধতি (যথা: ফিজিওথেরাপি, অকুপেশনাল থেরাপি, স্পিচ ও ল্যাংগুয়েজ থেরাপি, সাইকোথেরাপি বা কাউন্সেলিং, ইত্যাদি)।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল আইন, ২০১৮ (২০১৮ সনের ৭১ নং আইন) এবং বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল বিধিমালা, ২০২৫ এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

## দ্বিতীয় অধ্যায়

## রিহ্যাবিলিটেশন পেশাজীবীদের নিবন্ধন

৩। **নিবন্ধন গ্রহণ।**—(১) আইনের ধারা ১৫ এবং বিধিমালার বিধি ১৫, ১৭ ও ১৮ অনুসারে রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে কাউন্সিল হইতে নিবন্ধন গ্রহণ করিতে হইবে।

(২) বিধিমালার বিধি ৩২ মোতাবেক নিবন্ধন ব্যতীত কোনো ব্যক্তি রিহ্যাবিলিটেশন পেশাজীবী সম্পর্কিত পদবি, ডিগ্রি বা চিহ্ন ব্যবহার করিতে পারিবেন না।

(৩) কোনো রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতির জন্য বিধিমালার বিধি ১১ এর উপ-বিধি (২) অনুযায়ী আবেদন করিতে হইবে।

৪। **নিবন্ধনের শর্ত ও কাগজাদি।**—(১) নিবন্ধনের জন্য আবেদনকারীকে বিধিমালার তপশিল-২ এর ফরম-১ অনুযায়ী নিবন্ধনের উদ্দেশ্যে আবেদন করিতে হইবে এবং তপশিল-১ অনুযায়ী নির্ধারিত ফি জমাদানপূর্বক ট্রেজারি চালানের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করিতে হইবে।

(২) আবেদনকারীর বিদেশি ডিগ্রি থাকিলে বিধিমালার বিধি ১১ অনুযায়ী কাউন্সিল কর্তৃক সমতুল্যতা ও স্বীকৃতি প্রাপ্ত হইতে হইবে।

(৩) আবেদনকারীকে বিধিমালার বিধি ১৭ এর বিধান অনুসরণপূর্বক কাউন্সিল কর্তৃক স্বীকৃত পেশাজীবী সংস্থা কর্তৃক প্রদত্ত সদস্য সনদের অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

৫। **নিবন্ধন কমিটি ও উহার কার্যাবলি।**—কাউন্সিল কর্তৃক বিধিমালার বিধি ১৫ অনুযায়ী গঠিত নিবন্ধন কমিটি, বিধিমালার বিধি ১৬ অনুযায়ী কার্যাবলি সম্পাদন করিয়া যোগ্য ব্যক্তির নাম "রিহ্যাবিলিটেশন পেশাজীবী রেজিস্টার" এ অন্তর্ভুক্তির জন্য সুপারিশ করিবে:

তবে শর্ত থাকে যে, এই প্রবিধানমালা কার্যকরের পূর্বে রিহ্যাবিলিটেশন পেশাজীবীদের ডিগ্রিসমূহের ক্ষেত্রে, স্বীয় প্রাতিষ্ঠানিক বা ধরনভিত্তিক পেশাজীবীদের জন্য তৎকালীন প্রযোজ্য নীতি এবং বিধিমালার বিধি ৯ এর অধীন গঠিত রিহ্যাবিলিটেশন শিক্ষা যোগ্যতার স্বীকৃতি প্রদান বিষয়ক কমিটির সুপারিশের ভিত্তিতে নিবন্ধন কমিটি নিবন্ধনের জন্য সুপারিশ করিবে।

৬। **রেজিস্টার বহি সংরক্ষণ ও অনলাইনে প্রকাশ।**—কাউন্সিল আইনের ধারা ১৮ অনুসারে নিবন্ধিত রিহ্যাবিলিটেশন পেশাজীবী ও প্র্যাকটিশনারদের নাম, ঠিকানা, যোগ্যতা, ধরন ও নিবন্ধন নম্বর সম্বলিত রিহ্যাবিলিটেশন পেশাজীবী রেজিস্টার বহিতে যথাযথভাবে স্থায়ী সংরক্ষণ, প্রকাশসহ অনলাইনে প্রকাশ এবং হালনাগাদ করিবে।

৭। **নিবন্ধনের মেয়াদ, নবায়ন ও সাময়িক নিবন্ধন।**—(১) নিবন্ধনের মেয়াদ হইবে ৫ (পাঁচ) বৎসর:

তবে শর্ত থাকে যে, আইনের ধারা ২২ অনুসারে কাউন্সিল উক্ত নিবন্ধন সাময়িক বা স্থায়ীভাবে বাতিল করিতে পারিবে।

(২) বিধিমালার বিধি ১৯ অনুযায়ী নিবন্ধনের মেয়াদ শেষ হইবার ৩ (তিন) মাস পূর্বে বিধিমালার তপশিল-১ এ উল্লিখিত ফি এতদুদ্দেশ্যে কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোনো তফসিলি ব্যাংকের নির্ধারিত হিসাব নম্বরে জমা প্রদান করিয়া বিধিমালার তপশিল-২ এর ফরম-২ পূরণপূর্বক কাউন্সিলের নিকট নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

(৩) কাউন্সিল, ধারাবাহিক পেশাগত দক্ষতা বা CPD বা CPE পর্যালোচনাপূর্বক সন্তুষ্ট হইলে নিবন্ধন নবায়ন করিবে।

(৪) বিদেশি নাগরিক কর্তৃক রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনার ক্ষেত্রে বিধিমালার বিধি ৩০ অনুসরণ করিতে হইবে।

(৫) সাময়িক নিবন্ধনের ক্ষেত্রে—

(ক) ইন্টার্নশিপের জন্য রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে কাউন্সিল সর্বোচ্চ ১ (এক) বৎসরের জন্য সাময়িক নিবন্ধন প্রদান করিবে;

(খ) বিদেশ হইতে ডিগ্রিপ্রাপ্ত বাংলাদেশী নাগরিক বাংলাদেশে রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনার হিসাবে পেশাগত কার্যক্রম পরিচালনা করিতে ইচ্ছুক হইলে স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ইন্টার্নশিপ সম্পন্ন করিতে হইবে;

(গ) বিদেশি রিহ্যাবিলিটেশন পেশাজীবীকে কাউন্সিল সর্বোচ্চ ১ (এক) বৎসরের জন্য সাময়িক নিবন্ধন প্রদান করিতে পারিবে; এবং

(ঘ) সাময়িক নিবন্ধনধারী ব্যক্তি সরাসরি প্র্যাকটিশনারের তত্ত্বাবধান ব্যতীত স্বতন্ত্রভাবে প্র্যাকটিস করিতে পারিবেন না।

## তৃতীয় অধ্যায়

## রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনারদের লাইসেন্স

৮। **লাইসেন্স গ্রহণের আবশ্যকতা, ইত্যাদি।**—(১) বিধিমালার বিধি ২৭ অনুসরণ করিয়া রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনারকে লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(২) একজন প্র্যাকটিশনার, রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনার হিসাবে একাধিক লাইসেন্স গ্রহণ করিতে পরিবেন না এবং আইনের প্রথম তপশিলের টেবিলের কলাম (১) এ উল্লিখিত ধরন অনুসারে একটি পেশা বা কার্য পরিচালনা করিতে পারিবেন।

(৩) লাইসেন্সপ্রাপ্ত রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনারই অনুমোদনের ধরন অনুযায়ী উপাধি ও পদবি ব্যবহার করিয়া স্বীয় রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনার সিল ও স্বাক্ষরসহ রোগীর মূল্যায়ন (Assessment), সমস্যা সনাক্তকরণ (Diagnosis), প্রেসক্রিপশন, চিকিৎসা পরিকল্পনা প্রণয়ন (Treatment Plan), চিকিৎসা সেবা প্রদান (Provide Treatment), রেফারাল, ডিসচার্জ সামারি, ফিটনেস সনদ, প্রতিবন্ধিতা শনাক্তকরণ ও প্রত্যয়ন এবং মেডিকো লিগ্যাল (Medico Legal) এবং অন্যান্য প্রয়োজনীয় নথি প্রদান করিতে পারিবেন।

(৪) নিবন্ধিত ও লাইসেন্সপ্রাপ্ত রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনার জাতীয় ও আন্তর্জাতিক স্বীকৃত মানদণ্ড ও রীতিনীতি অনুসারে তাহার নামের পূর্বে (Prefix) বা পরে (Suffix) ব্যবহার করিতে পারিবেন।

(৫) প্রত্যেক লাইসেন্সপ্রাপ্ত রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার তাহার কর্মস্থলের দৃশ্যমান কোনো স্থানে লাইসেন্স এর অনুলিপি বা কাউন্সিল অনুমোদিত ডিজিটাল কপি প্রদর্শন করিবেন।

৯। **লাইসেন্স প্রাপ্তির যোগ্যতা।**—(১) লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীকে—

(ক) কাউন্সিলের নিবন্ধন সম্পন্ন করিতে হইবে এবং ক্লিনিক্যাল কম্পিটেন্সি পরীক্ষায় (CCE) উত্তীর্ণ হইতে হইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত পরীক্ষায় উত্তীর্ণ না হইলে তিনি মূল্যায়ণ, পরীক্ষণ ও প্রেসক্রিপশন প্রদান করিতে পারিবেন না এবং উক্ত সময়ে তিনি লাইসেন্সধারী প্রাকটিশনারের তত্ত্বাবধানে থাকিবেন; এবং

(খ) বিধিমালার বিধি ২৭ অনুসরণপূর্বক, বিধিমালার তপশিল-১ এ নির্ধারিত ফি প্রদানপূর্বক তপশিল-২ এর ফরম-৪ অনুসারে রিহ্যাবিলিটেশন প্রাকটিশনার লাইসেন্সের জন্য আবেদন করিতে হইবে।

(২) বিদেশি ডিগ্রিধারীর ক্ষেত্রে, বাংলাদেশের অভ্যন্তরে শিক্ষা প্রতিষ্ঠানের কোর্স কারিকুলাম অনুযায়ী নির্ধারিত মেয়াদকালব্যাপী ব্যবহারিক প্রশিক্ষণ থাকিতে হইবে।

১০। **লাইসেন্সের ধরন, ইত্যাদি।**—(১) লাইসেন্স কমিটি ক্লিনিক্যাল কম্পিটেন্সি পরীক্ষা (CCE) এর কাঠামো ও সিলেবাস প্রণয়ন করিবে এবং মূল্যায়ন পদ্ধতি নির্ধারণ করিবে।

(২) কাউন্সিল স্থায়ী ও অস্থায়ী উভয় প্রকার লাইসেন্স প্রদান করিতে পারিবে, যথা:—

(ক) স্থায়ী লাইসেন্সধারী প্রত্যেক রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারকে ১ (এক) টি স্বতন্ত্র লাইসেন্স নম্বর প্রদান করা হইবে এবং উহা সকল প্রেসক্রিপশন, রিপোর্ট ও অফিসিয়াল পত্রে উল্লেখ করিতে হইবে; এবং

(খ) ইন্টার্ন প্র্যাকটিশনারদেরকে তাহাদের কোর্সের মেয়াদ অনুযায়ী অস্থায়ী লাইসেন্স প্রদান করা যাইবে।

(৩) কাউন্সিল কর্তৃক লাইসেন্স স্থগিত করা হইলে সংশ্লিষ্ট ব্যক্তি—

(ক) কোনো প্রকার রিহ্যাবিলিটেশন প্রাকটিস পরিচালনা করিতে পারিবেন না;

(খ) রোগী মূল্যায়ন, প্রেসক্রিপশন, রিপোর্ট বা রোগীর মেডিকেল রেকর্ড সংক্রান্ত নথি প্রদান করিতে পারিবে না; এবং

(গ) তাহার ক্লিনিক বা প্রতিষ্ঠানের দায়িত্ব অন্য লাইসেন্সধারী রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারকে কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে উক্ত দায়িত্ব অর্পণ করিতে পারিবে।

১১। **লাইসেন্স নবায়নের ক্ষেত্রে যোগ্যতা।**—(১) নির্ধারিত নিয়মে লাইসেন্স নবায়ন না হইলে লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে নিষ্ক্রিয় হইবে এবং উক্ত ব্যক্তি পেশাগত কার্যক্রম অনুশীলন করিতে পারিবেন না।

(২) এই প্রবিধানমালার তপশিল-১ অনুযায়ী ধারাবাহিক পেশাগত দক্ষতা বা CPD বা CPE পয়েন্ট অর্জন করিতে হইবে।

## চতুর্থ অধ্যায়

## ধারাবাহিক পেশাগত দক্ষতা বা Continuing Professional Development (CPD) বা Continuing Professional Education (CPE) ও অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতি

১২। **ধারাবাহিক পেশাগত দক্ষতা বা CPD বা CPE বা শিক্ষার পয়েন্ট ও মূল্যায়ন।**—(১) বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল ও আন্তর্জাতিক পেশাগত সংস্থা কর্তৃক স্বীকৃত, বাংলাদেশী পেশাজীবী সংস্থার অনুমোদিত রিসোর্স পার্সন, শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান (Education and Research Organization) হইতে প্রত্যেক রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারকে ধারাবাহিক পেশাগত দক্ষতা বা CPD বা CPE কোর্সে অংশগ্রহণপূর্বক প্রত্যেক ৫ (পাঁচ) বৎসরে এই প্রবিধানমালার তপশিল-১ অনুযায়ী অন্যূন ১০০ (একশত) পয়েন্ট অর্জন করিতে হইবে।

(২) একজন রিহ্যাবিলিটেশন প্রাকটিশনারকে ধারাবাহিক পেশাগত দক্ষতা বা CPD বা CPE কোর্সে অংশগ্রহণপূর্বক প্রত্যেক বৎসরে এই প্রবিধানমালার তপশিল-২ এর ফরম-১ এর অনুচ্ছেদ ২ অনুযায়ী অন্যূন ২০ (বিশ) পয়েন্ট অর্জন করিতে হইবে।

(৩) এই প্রবিধানমালার তপশিল-২ এর ফরম-১ অনুযায়ী ধারাবাহিক পেশাগত দক্ষতা বা CPD বা CPE পয়েন্ট নির্ধারিত হইবে।

(৪) এই প্রবিধানমালার তপশিল-২ এর ফরম-১ অনুযায়ী ধারাবাহিক পেশাগত দক্ষতা বা CPD বা CPE সনদ মূল্যায়ন হইবে।

(৫) কাউন্সিল লাইসেন্স নবায়নের সময় বিগত ৫ (পাঁচ) বৎসরের ধারাবাহিক পেশাগত দক্ষতা বা CPD বা CPE প্রমাণ, আচরণ ও শৃঙ্খলার বিষয় যাচাই-বাছাই করিয়া সন্তুষ্ট হইলে পরবর্তী ৫ (পাঁচ) বৎসরের জন্য লাইসেন্স নবায়ন করিবে।

(৬) কাউন্সিল কর্তৃক কোনো প্রাকটিশনার নির্ধারিত ধারাবাহিক পেশাগত দক্ষতা বা CPD বা CPE পয়েন্ট অর্জনে ব্যর্থ হইলে সর্বোচ্চ ৬ (ছয়) মাস অতিরিক্ত সময় প্রদান করিবে এবং উক্ত অতিরিক্ত সময়ের মধ্যে পয়েন্ট পূরণ না হইলে লাইসেন্স সাময়িকভাবে স্থগিত করিবে।

১৩। **অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতি।**—(১) রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনার কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পেশাগত অতিরিক্ত ডিগ্রি [যথা: Master of Physiotherapy (MPT) বা Master of Science in Physiotherapy (MSPT) বা Master of Science in Occupational Therapy (MSOT) বা Master of Philosophy (MPhil) বা Doctor of Philosophy (PhD), ইত্যাদি] অর্জন করিলে উহার স্বীকৃতির জন্য এ প্রবিধানমালার তফশিল-২ এর ফরম-২ অনুসারে কাউন্সিলের নিকট আবেদন করিতে পারিবে।

(২) জাতীয় বা আর্ন্তজাতিক স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা কাউন্সিল কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং উহা রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনারের নামের পরে ব্যবহার করা যাইবে।

(৩) বিষয়ভিত্তিক অতিরিক্ত ডিগ্রির স্বীকৃতির জন্য কাউন্সিল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

(৪) বিধিমালার বিধি ৯ এর অধীন গঠিত রিহ্যাবিলিটেশন শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতি প্রদান বিষয়ক কমিটির আহ্বায়ক কমিটির সকল সুপারিশ বা মতামত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনতিবিলম্বে রেজিস্ট্রার বরাবর প্রেরণ করিবে।

## পঞ্চম অধ্যায়

## অনুসরণীয় নিয়মাবলি

১৪। **অনুসরণীয় নিয়মাবলি।**—রিহ্যাবিলিটেশন পেশাজীবী ও প্র্যাকটিশনারগণ নিম্নরূপ অনুসরণীয় নিয়মাবলি মানিয়া চলিবেন, যথা:—

(ক) সংশ্লিষ্ট সকল আইন, বিধিমালা, প্রবিধানমালা ও কাউন্সিলের নির্দেশনা মান্য করিবেন;

(খ) রোগীর অধিকার, মর্যাদা, বৈষম্যহীনতা, ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক মূল্যবোধের প্রতি সম্মান প্রদর্শন করিবেন;

(গ) চিকিৎসা শুরুর পূর্বে চিকিৎসা প্রদান সংক্রান্ত বিষয়টি অবহিত করিয়া রোগীর সম্মতি গ্রহণ করিতে হইবে;

(ঘ) রোগীর তথ্যের গোপনীয়তা রক্ষা এবং প্রয়োজন ব্যতীত তৃতীয় পক্ষকে তথ্য প্রদান হতে বিরত থাকিবেন;

(ঙ) রোগীর সর্বোত্তম স্বার্থে পেশাগত সহযোগিতা ও রেফারেল নিশ্চিত করিবেন;

(চ) বিজ্ঞান সম্মত জ্ঞান ও দক্ষতা প্রয়োগ করিয়া দায়িত্বশীল ও জবাবদিহিমূলক সেবা প্রদান করিবেন;

(ছ) বৈজ্ঞানিক জ্ঞান অর্জন ও ধারাবাহিক পেশাগত দক্ষতা বা CPD বা CPE কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করিবেন;

(জ) অপেশাদার বা অনৈতিক আচরণ, মিথ্যা ও অননুমোদিত পদবি ব্যবহার, প্রতারণামূলক প্রচারণা ও পেশার মর্যাদা ক্ষুণ্নকারী কার্য পরিহার করিবেন;

(ঝ) লাইসেন্স গ্রহণ ব্যতীত রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনার হিসাবে পেশা বা কার্য পরিচালনা করিবেন না;

(ঞ) লাইসেন্সধারী রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনারের সরাসরি তত্ত্বাবধানে ইন্টার্নরা পেশাগত কার্যক্রম পরিচালনা করিবেন এবং স্বতন্ত্রভাবে কোনো রোগীর মেডিকেল রেকর্ড সংক্রান্ত নথি প্রদান করিতে পারিবেন না; এবং

(ট) স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের কোর্স কারিকুলাম অনুযায়ী একজন লাইসেন্সধারী রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনার তাহার অর্জিত ডিগ্রির ভিত্তিতে পেশাগত কার্যক্রম পরিচালনা করিবেন।

**তপশিল-১**

[প্রবিধি ১২ দ্রষ্টব্য]

ধারাবাহিক পেশাগত দক্ষতা বা Continuing Professional Development (CPD) বা Continuing Professional Education (CPE) কার্যক্রমভিত্তিক পয়েন্ট নির্ধারণ সারণি (চেকলিস্ট)

| ক্রমিক নং | কার্যক্রম | মানদন্ড | পয়েন্ট |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | সেমিনার (জাতীয়) | প্রত্যেক ৮ (আট) ঘন্টা | ৩ |
| | সেমিনার (আন্তর্জাতিক) | প্রত্যেক ৮ (আট) ঘন্টা | ৪ |
| | গবেষণা প্রবন্ধ উপস্থাপন (জাতীয়) | প্রত্যেক প্রবন্ধ উপস্থাপন | ৪ |
| | গবেষণা প্রবন্ধ উপস্থাপন (আন্তর্জাতিক) | প্রত্যেক প্রবন্ধ উপস্থাপন | ৬ |
| ২। | ধারাবাহিক পেশাগত দক্ষতা বা CPD বা CPE কর্মশালা | প্রত্যেক ৮ (আট) ঘন্টা | ৪ |
| ৩। | রিসোর্স পার্সন/প্রশিক্ষক | প্রত্যেক ৮ (আট) ঘন্টা | ৬ |
| ৪। | গবেষণা প্রবন্ধ স্বীকৃত জার্নাল (পিয়ার রিভিউড/Indexed জার্নাল) | First Author/(Corresponding author) | ১৫ |
| | গবেষণা প্রবন্ধ (স্বীকৃত জার্নাল) | First Author/(Corresponding author) | ১০ |
| | গবেষণা প্রবন্ধে সহযোগী | সহলেখক (Co-author) | ৬ |
| ৫। | জার্নাল সম্পাদনা (প্রত্যেক Volume and Issue) | সম্পাদক | ১০ |
| | প্রত্যেক Volume and Issue/Article | সম্পাদনা সহযোগী | ৫ |
| ৬। | বই রচনা/সম্পাদনা | প্রত্যেক বই/সম্পাদনা | ২০ |
| ৭। | আন্তর্জাতিক ধারাবাহিক পেশাগত দক্ষতা বা CPD বা CPE কার্যক্রম | প্রত্যেক ৮ (আট) ঘন্টা | ৪ |
| ৮। | প্রমোশনাল প্রবন্ধ (জাতীয়/আন্তর্জাতিক পত্রিকা) | প্রত্যেক ১ (এক) টি প্রবন্ধ | ৩ |

**তপশিল-২**

**ফরম-১**

[প্রবিধি ১২ দ্রষ্টব্য]

ধারাবাহিক পেশাগত দক্ষতা বা Continuing Professional Development (CPD) বা Continuing Professional Education (CPE) কার্যক্রম সংক্রান্ত তথ্য ফরম

**১। আবেদনকারীর সাধারণ তথ্য:**

| ক্র.নং | বিবরণ | তথ্যপূরণ করুন |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | নাম (বাংলা) | |
| ২। | নাম (ইংরেজি) | |
| ৩। | নিবন্ধন নং | |
| ৪। | পদবি | |
| ৫। | কর্মস্থলের নাম ও ঠিকানা | |
| ৬। | মোবাইল নম্বর | |
| ৭। | ই-মেইল | |
| ৮। | মূল্যায়ন সময়কাল | …………… হইতে …………………… |

**২। কার্যক্রমভিত্তিক বিস্তারিত তথ্য ও পয়েন্ট হিসাব**

| ক্রমিক নং | কার্যক্রমের ধরন | সনদ প্রদানকারী প্রতিষ্ঠান/রিসোর্স পার্সন | তারিখ | সময়কাল | পয়েন্ট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | | | | | | |
| ২। | | | | | | |
| ৩। | | | | | | |
| ৪। | | | | | | |
| ৫। | | | | | | |
| ৬। | | | | | | |

নোট: প্রয়োজনে অতিরিক্ত কলাম ও এন্ট্রি সংযুক্ত করা যাইবে।

**মোট প্রাপ্ত পয়েন্ট: …………………**

৩। আবেদনকারীর ঘোষণা:

আমি ঘোষণা করিতেছি যে, প্রদত্ত সকল তথ্য সত্য, সঠিক ও সম্পূর্ণ কোনো তথ্য অসত্য প্রমাণিত হইলে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মানিয়া লইতে বাধ্য থাকিব।

(স্বাক্ষর)
নাম ও তারিখ

৪। অফিস কর্তৃক পূরণীয়:

| **ক্রমিক নং** | **বিবরণ** | **তথ্যাদি** |
|---|---|---|
| **(১)** | **(২)** | **(৩)** |
| ১. | যাচাইকারী কর্মকর্তার নাম ও পদবি | |
| ২. | যাচাইয়ের তারিখ | |
| ৩. | চূড়ান্ত অনুমোদিত মোট পয়েন্ট | |
| ৪. | মন্তব্য | |
| ৫. | স্বাক্ষর ও অফিস সিল | |

৫। সংযুক্ত কাগজপত্রের তালিকা (✓ দিন)

| ✓ | সংযুক্তির বিবরণ |
|---|---|
| ☐ | অংশগ্রহণ/প্রশিক্ষণ সনদপত্র |
| ☐ | গবেষণা প্রবন্ধের কপি/DOI |
| ☐ | বইয়ের প্রচ্ছদ ও ISBN |
| ☐ | পত্রিকায় প্রকাশিত প্রবন্ধের কপি |
| ☐ | জার্নাল সম্পাদনার প্রমাণপত্র |
| ☐ | অন্যান্য (উল্লেখ করুন) |

**ফরম-২**
[প্রবিধি ১৩ দ্রষ্টব্য]

বরাবর
রেজিস্ট্রার
বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল, ঢাকা।

**বিষয়: অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা স্বীকৃতি প্রদানের জন্য আবেদন।**

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল কর্তৃক নিবন্ধিত একজন রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনার। আমার বিবরণী নিম্নরূপ:

নাম (বাংলা) :.........................................................................................................
নাম (ইংরেজি) :.........................................................................................................
পিতার নাম :..................................................মাতার নাম :................................................
বর্তমান ঠিকানা:.........................................................................................................
স্থায়ী ঠিকানা :.........................................................................................................
নিবন্ধন নং: ....................................................লাইসেন্স নং:..............................................
রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনারের ধরন: ........................................................................

আমি........................বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে.............................. (ডিগ্রির নাম) সফলভাবে সম্পন্ন করিয়াছি, যাহা আমার প্রাথমিক শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা হিসাবে গণ্য। বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল আইন, ২০১৮ (২০১৮ সনের ৭১ নং আইন), বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল বিধিমালা, ২০২৫ এবং বাংলাদেশ রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন ও প্র্যাকটিশনার লাইসেন্স প্রবিধানমালা, ২০২৬ এর প্রবিধি ১৩ অনুযায়ী অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতি প্রদান কাউন্সিলের এখতিয়ারভুক্ত।

অতএব, মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা এই যে, আমার অর্জিত উক্ত অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা যথাযথভাবে যাচাই বাছাইপূর্বক স্বীকৃতি প্রদান করিয়া আমাকে বাধিত করিবেন।

বিনীত নিবেদক

স্বাক্ষর : .................................
নাম : ....................................
তারিখ : ...........................
মোবাইল নং : ..........................
ই-মেইল : ...............................

**সংযুক্তিসমূহ:**

১। একাডেমিক সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি
২। একাডেমিক ট্রান্সক্রিপ্ট/মার্কশিট
৩। নিবন্ধন সনদের অনুলিপি
৪। লাইসেন্সের অনুলিপি
৫। ট্রেজারি চালানের রশিদ
৬। অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র (যদি থাকে)।

**ফরম-৩**
[প্রবিধি ১৩ দ্রষ্টব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল

## অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতি সনদ

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, জনাব/জনাবা:.........................পিতার নাম:............................. মাতার নাম : .........................................., ঠিকানা :............................................................ তিনি বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল কর্তৃক নিবন্ধিত একজন রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনার। তাহার লাইসেন্স নং: ..........................................। তিনি ................................... বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে............................. (ডিগ্রির নাম) সফলভাবে অর্জন করিয়াছেন।

বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল আইন, ২০১৮ (২০১৮ সনের ৭১ নং আইন), বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল বিধিমালা, ২০২৫ এবং বাংলাদেশ রিহ্যাবিলিটেশন পেশাজীবী নিবন্ধন ও প্র্যাকটিশনার লাইসেন্স প্রবিধানমালা, ২০২৬ এর প্রবিধি ১৩ অনুযায়ী কাউন্সিলের সিদ্ধান্তক্রমে অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা যাচাই-বাছাইপূর্বক স্বীকৃতি প্রদান করা হইল। এই স্বীকৃতি রিহ্যাবিলিটেশন প্র্যাকটিশনারের পেশাগত কার্যক্রম পরিচালনা, প্রশাসনিক ব্যবহার এবং আইনানুগ অন্যান্য সকল উদ্দেশ্যে প্রযোজ্য ও কার্যকর হইবে।

তারিখ : ................
স্থান : ঢাকা।

রেজিস্ট্রার
বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল
(দাপ্তরিক সিল)

কাউন্সিলেরে আদেশক্রমে

**মোহাম্মদ হারুন অর রশিদ**
রেজিষ্ট্রার (যুগ্মসচিব)
বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল
সমাজ কল্যাণ মন্ত্রণালয়।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd